

প্রমালাপ, গোখু লি সঙ্ঘায়

ফাঁকা জায়গায় গেলে, শব্দ পাও ? পেয়েছ কখনো ?

কোন শব্দ, জিঞ্জিৎস্ ক'র না।

শুধু বল, শব্দ পাও ? কোন শব্দ ? সেই শব্দ ? পেয়েছে কখনো ?

যদি পেয়ে থাক, তবে এস,

কথা বলব না কোন। বলব না, ভালবাসি। দাবী করব না, ভালবেস।

শুধু বিষুপুরে, লালবাঁধে, বসব দুজনে পাশাপাশি

বেশীক্ষণ নয়, কিছুক্ষণ

যতক্ষণ, স্থগিত রয়েছে ; সহযাত্রীদের, হাসাহাসি।

দেখব, আকাশ - ছেঁয়া সেই গাছ - শাখে শাখে ডাঙ্ক, শালিখ-

দেখব, বিদগ্ধ কোন শূয়োরের উঠে - যাওয়া — ক্লান্ত টিপি বেয়ে —

দেখবো, গর পাল — কে চরায় ? কেউ কি চরায় ?

ফাঁকা জায়গায়, তুমি শব্দ পাও ? পেয়েছে, বলছ ?

অনন্ত গর পাল, —কে চরায় ? দেখেছ, বলছ ?

থেমে গেছে শব্দ । চল, উঠি। আজ, শেষ হল দিন।

আমাকে, নিয়েছে শব্দ। তোমাকেও। তুমিও, প্রবীণ।

অনির্বাণ ধরি ত্রীপুত্র

